# নাহু

প্রশ্নাবলী সর্ম্পকে জ্ঞাতব্য বিষয়

- ❖ প্রশ্ন হবে মোট ৮ টি। প্রতিটি প্রশ্নের জবাব লেখা অত্যাবশ্যক। পরীক্ষার মোট সময় ৩ ঘন্টা ।
- ❖ নাহু বিষয়ে হেদায়াতুন নাহু পূর্ণ কিতাবের পরীক্ষা হবে ১০০ নম্বরে ।
- ❖ সঠিক উত্তরের জন্য ৯১, আরবী ভাষায় উত্তর লেখার জন্য ৬, সুন্দর হস্তাক্ষরের জন্য ৩।

## প্রশ্নের ধরন

### ১নং প্রশ্ন- নিম্নে উল্লেখিত ইবারতে হারাকাত লাগাও । যে কোন পাঁচ লাইন। ১০

ইবারত দেয়া থাকবে ১০ লাইন। যে কোন ৫ (পাঁচ) লাইন এর হারাকাত ( যের,যবর, পেশ ও সুকুন) লাগাতে হবে।

(২নং পৃষ্ঠা থেকে ৫৩ নং পৃষ্ঠা এর মধ্যে অর্থাৎ مقدمة থেকে الباب الثاني এর পূর্ব পর্যন্ত تنازع ব্যতিত।)

### ২নং প্রশ্ন- নিম্নে উল্লেখিত ইবারতের তরজমা কর । যে কোন পাঁচ লাইন। ১০

ইবারত দেয়া থাকবে ১০ লাইন। যে কোন ৫ (পাঁচ) লাইন এর তরজমা করতে হবে (যে কোন ভাষায়, মান সমান) ।

( ৫৪নং পৃষ্ঠা থেকে ৮০ নং পৃষ্ঠা এর মধ্যে অর্থাৎ الباب الثاني থেকে القسم الثاني এর পূর্ব পর্যন্ত।)

### ৩নং প্রশ্ন- নিম্নে উল্লেখিত ইবারতের ব্যাখ্যা (تشريح) কর। যে কোন তিন লাইন। ৯

ইবারত দেয়া থাকবে ৭ লাইন। যে কোন (৩) লাইন এর ব্যাখ্যা (تشريح) করতে হবে। ব্যাখ্যা সুস্পষ্ট করতে প্রয়োজনে মাসআলা এর পূর্বাপর উল্লেখ করে মিছাল দিয়ে বুঝিয়ে দিতে হবে । ইবারতে কোথাও অস্পষ্ট থাকলে তা সুস্পষ্ট করতে হবে। প্রয়োজনে জমিরের স্থানে মারজি' উল্লেখ করতে হবে । (যে কোন ভাষায়, মান সমান) ।

( ৮১নং পৃষ্ঠা থেকে ১০০ নং পৃষ্ঠা এর মধ্যে অর্থাৎ القسم الثاني থেকে القسم الثالث এর পূর্ব পর্যন্ত। )

### ৪নং প্রশ্ন- নিম্নে উল্লেখিত কবিতা থেকে ৩টি কবিতা এর তরজমা কর। ৯

কিতাবে উল্লেখিত কবিতা থেকে ৫টি কবিতা দেয়া থাকবে তার থেকে ৩টি কবিতা এর তরজমা করতে হবে (যে কোন ভাষায়, মান সমান)।

### ৫নং প্রশ্ন- শুদ্ধ-অশুদ্ধ নির্ণয় কর । ৬

### ৬নং প্রশ্ন- শুন্যস্থান পূরণ কর । ৬

### ৭নং প্রশ্ন- নিম্নে উল্লেখিত প্রশ্নের উত্তর লেখ যে কোন ৭টির। ২১

পরীক্ষার পূর্বে নির্ধারিত ৭০ টি প্রশ্ন দেয়া হবে, তার থেকে প্রশ্নপত্রে ১০টি প্রশ্ন থাকবে, তার থেকে যে কোন ৭টির উত্তর দিতে হবে।
(আরবি ভাষায় উত্তর দিলে অতিরিক্ত ৬ নম্বর পাবে।)

৮নং প্রশ্ন- সঠিক উত্তরে ঠিক (√) চিহ্ন দাও। ২০

নৈর্ব্যক্তিক ২০টি প্রশ্ন থাকবে। ২০টির উত্তরই দিতে হবে।

কাটাকাটি করলে নম্বর কর্তন করা হবে। প্রতি কাটাকাটিতে ০.৫০ নম্বর বিয়োগ হবে। যেমন :

১। ضرب موسى عيسى - فاعل কোনটি ?

(ক) X موسى

(খ) √ عيسى

(গ) ضمير مستتر

# সরফ

প্রশ্নাবলী সম্পর্কে জ্ঞাতব্য বিষয়

- ❖ প্রশ্ন হবে মোট ৭ টি। প্রতিটি প্রশ্নের জবাব লিখা অত্যাবশ্যক। পরীক্ষার মোট সময় ৩ ঘন্টা ।
- ❖ সরফ বিষয়ে মিজান ও মুনশাইব কিতাবের পরীক্ষা হবে ১০০ নম্বরে ।

১নং প্রশ্নের মান ২০ নম্বর। এখানে প্রতিটি প্রশ্নের সাথে ৩ টি করে জবাব দেওয়া আছে। সঠিক জবাবের উপর টিক ( √ ) চিহ্ন দাও। যেমন :

১। أُذْهِبُوْاকোন সীগা ?

(ক) جمع مذكر غائب ماضى

(খ) جمع مذكر أمر حاضر معروف

(গ) جمع مذكر اسم التفضيل

কাটাকাটি করলে নম্বর কর্তন করা হবে। প্রতি কাটাকাটিতে ০.২৫ নম্বর বিয়োগ হবে। যেমন :

১। أُذْهِبُوْا কোন সীগা ?

(ক) جمع مذكر غائب ماضى

(খ) جمع مذكر أمر حاضر معروف

(গ) جمع مذكر اسم التفضيل

২নং প্রশ্নের মান ২০ নম্বর। এখানে সিগা , বহস ও মাসদার উল্লেখ থাকবে। মাসদারগুলো দিয়ে সিগা, বহছ অনুযায়ী فعل লিখতে হবে হরকত সহকারে । ( যে কোন ১০ টি )

ثلاثي ও رباعي উভয় باب থেকে মাসদার থাকবে। অবশ্য مضاعف , معتل এর কোন মাসদার থাকবে না।

৩নং প্রশ্নের মান ২০ নম্বর। এখানে فعل উল্লেখ করা থাকবে সিগা, বহছ ও বাব র্নিণয় করে লিখতে হবে। ( যে কোন ১০টি )

৪নং প্রশ্নের মান ১০ নম্বর। এখানে তিনটি فعل উল্লেখ করা থাকবে। সিগা ও বহছ অনুযায়ী সঠিক فعل এর উপর টিক ( √ ) চিহ্ন দিতে হবে। ( যে কোন ১৫টি )

৫নং প্রশ্নের মান ১০ নম্বর। এখানে فعل এর বাংলা দেয়া থাকবে আরবী লেখতে হবে। ( যে কোন ১০টি )

৬নং প্রশ্নের মান ১০ নম্বর। এখানে আরবী فعل দেয়া থাকবে বাংলায় তরজমা লেখতে হবে। ( যে কোন ১০টি )

৭নং প্রশ্নের মান ১০ নম্বর। এখানে فعل উল্লেখ করা থাকবে। باب এর পরিচয় উল্লেখ করতে হবে। ثلاثي مجرد হলে দলীল লিখতে হবে। অর্থাৎ মাজির সিগা থাকলে মুজারের واحد مذكر غائب এর সিগা লিখতে হবে الدليل এর ঘরে। আর মুজারের সিগা থাকলে মাজির واحد مذكر غائب এর সিগা লিখতে হবে الدليل এর ঘরে। যেমন فَعِلْتُ লিখা আছে। এখন তুমি যদি মনে কর এটা باب سمع তাহলে দলীলের ঘরে লিখ يَفْعَلُ। আর যদি মনে কর এটা باب حسب তাহলে দলীলের ঘরে লিখ يَفْعِلُ । দলীলে عين কালিমার হরকত অবশ্যই দিতে হবে। ثلاثي مزيد فيه এর দলীল লিখতে হবে না।